

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 28-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Assembly :

আগামী ৩০শে এপ্রিল রাজ্য বিধানসভার একদিনের বিশেষ অধিবেশন বসবে। গতকাল বিজনেস এডভাইজারি কমিটির বৈঠক শেষে পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান, এই বিশেষ অধিবেশনে মূলত নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল নিয়ে আলোচনা হবে। এই বিলটি নিয়ে আলোচনার জন্য ইতিপূর্বে মুখ্য সচেতক কল্যাণী রায় সহ ১৭ জন বিধায়ক বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়ার কাছে একটি আবেদন জমা দিয়েছিলেন। এদিকে রাজ্য বিধানসভার পক্ষ থেকে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ওই দিন বৈধ অনুমতিপত্র ছাড়া কোন ব্যক্তি বা যানবাহন বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবে না। এছাড়াও ত্রিপুরা বিধানসভার সদস্য-সদস্যা, সংবাদমাধ্যমের প্রতিনিধি এবং বিধানসভার কর্মীগণ বিধানসভায় প্রবেশের সময় নিরাপত্তারক্ষীগণ চাইলে বিধানসভা সচিবালয়ের জারি করা বৈধ অনুমতিপত্র দেখাবেন।

TTADC :

এডিসি'র নবনির্বাচিত ২৮ জন সদস্যদের মধ্যে গতকাল ২৪ জন শপথ গ্রহণ করেন। খুমলুঙের এডিসি পরিষদীয় ভবনে আয়োজিত অনুষ্ঠানে আইন সচিব শংকরী দাস তাদের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন এডিসি'র মুখ্য নির্বাহী আধিকারিক রাভেল হেমেন্দ্র কুমার।

West Bengal-Election :

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে আগামীকাল ৮টি নির্বাচনী জেলার মোট ১৪২টি আসনে ভোটগ্রহণ করা হবে। এগুলি হল উত্তর কলকাতা, দক্ষিণ কলকাতা, হাওড়া, নদিয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি এবং পূর্ব বর্ধমান। দ্বিতীয় ও চূড়ান্ত পর্বের সরব প্রচার গতকাল বিকেলে শেষ হয়েছে। উল্লেখ্য, গত ২৩শে এপ্রিল প্রথম দফায় ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়। ভোট পড়েছিল ৯৩.১৯ শতাংশ। কেরলম, আসাম, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু এই চারটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি বিধানসভা নির্বাচন এবং ত্রিপুরা সহ কয়েকটি রাজ্যে বিধানসভা উপ-নির্বাচনের ভোট গণনা আগামী চৌঠা মে অনুষ্ঠিত হবে।

Census :

ডিরেক্টরেট অফ সেন্সাস অপারেশন, ত্রিপুরার উদ্যোগে গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে জনগণনা-২০২৭ এর প্রথম পর্যায়ের বিভিন্ন বিষয়ে একদিনের সম্মেলনের আয়োজন করা হয়। জনগণনা অধিকর্তা রতন বিশ্বাস জানান, সম্মেলনে মূলত রাজ্যের প্রথম পর্যায়ের জনগণনার বিষয়ে আলোচনা করা হয়। তিনি বলেন, রাজ্যে জনগণনার প্রথম পর্যায় শুরু হবে চলতি বছরের জুলাই মাস থেকে। ১৭ই জুলাই থেকে ৩১ জুলাই হবে স্ব-গণনা এবং পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত গণনা কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে জনগণনার কাজ করবে। রাজ্যের জনগণনার কাজের দায়িত্বে থাকবে প্রায় ১১ হাজার কর্মী।

Dinesh Trivedi :

পররাষ্ট্র মন্ত্রণালয় গতকাল দীনেশ ত্রিবেদীকে বাংলাদেশে ভারতের পরবর্তী হাই কমিশনার হিসেবে নিযুক্ত করার ঘোষণা দিয়েছে। মনমোহন সিং-এর নেতৃত্বাধীন সরকারে কেন্দ্রীয় রেলমন্ত্রী এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন দীনেশ ত্রিবেদী। শ্রী ত্রিবেদী ২০১৬-১৭ সালের জন্য 'অসামান্য সংসদ সদস্য' পুরস্কারে ভূষিত হন এবং তিনি ইন্দো-ইউরোপীয় ইউনিয়ন সংসদীয় ফোরাম সহ বেশ কয়েকটি সংসদীয় ফোরামের সভাপতিত্বও করেছেন।

PM Poshan- Samagra Sikkha :

প্রধানমন্ত্রী পোষণ প্রকল্প ও জেলা সমগ্র শিক্ষা সহ অন্যান্য প্রকল্পগুলো নিয়ে গতকাল খোয়াই জেলা শাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য'র পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে প্রকল্পগুলির সঠিক বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

Bal Puraskar 2026 :

প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার ২০২৬-এর জন্য মনোনয়ন পত্র গ্রহণ শুরু হয়েছে। ৫ থেকে ১৮ বছর বয়সী শিশুরা, যারা বীরত্ব, সামাজিক সেবা, পরিবেশ রক্ষা, ক্রীড়া, শিল্প ও সংস্কৃতি এবং বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব দেখিয়েছে, তারা এই পুরস্কারের জন্য বিবেচিত হবে। মনোনয়ন জমা দেওয়ার শেষ তারিখ ৩১ জুলাই।

Banabithi Eco-park :

খোয়াই ধলাবিলের বনবীথি ইকোপার্ক টিকে নতুন করে সাজিয়ে তুলতে ত্রিপুরা পর্যটন দপ্তর বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। গতকাল এই পার্ক পরিদর্শনে আসেন ত্রিপুরা পর্যটন দপ্তর, ত্রিপুরা নগর উন্নয়ন কর্তৃপক্ষ এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের দশজনের একটি প্রতিনিধি দল। পার্কের বিভিন্ন স্থান পর্যবেক্ষণ করার পাশাপাশি পার্কটিকে নতুন করে কিভাবে সাজিয়ে তুলতে হবে সে বিষয়ে একগুচ্ছ পরিকল্পনা হাতে নেওয়া হয়। এই

বিষয়ে খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় এর মত
বিনিময় করেন তারা।

Storm Damage :

গত ২৪ ঘন্টায় ঝড় বৃষ্টিতে ঊনকোটি ও সিপাহীজলা জেলায় বেশ কিছু
ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। কৈলাশহর এবং কুমারঘাটে বিপর্যয়
মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান,
প্রাকৃতিক দুর্যোগের কারণে কয়েকটি রাস্তায় গাছ ও গাছের ডাল ভেঙ্গে
পড়েছিল। দপ্তরের সহযোগিতায় সব রাস্তা বর্তমানে উন্মুক্ত হয়েছে। এদিকে,
সিপাহীজলা জেলার সোনামুড়া ও বিশালগড় মহকুমায় ১৮৩টি ঘর ক্ষতিগ্রস্ত
হয়েছে। ডিজাস্টার ম্যানেজমেন্টের জেলা প্রোগ্রাম অফিসার সুমেন দেবনাথ
জানিয়েছেন শিলাবৃষ্টির কারণে বিশালগড় মহকুমায় ১৩০টি ঘর আংশিক
ও ২০টি ঘর মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অন্যদিকে সোনামুড়া মহকুমায়
ঝড়ো হওয়ার কারণে ২৬টি ঘর আংশিক ও ৭টি ঘর মারাত্মকভাবে
ক্ষতিগ্রস্ত হয়েছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে
আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের
কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল
২৩.১ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল
৩.৪ মিলিমিটার।
